

## স্বপ্নাদিষ্ট আত্ননাদ হাবিবুর রহমান

আমার স্বপ্নের কোন রং নেই  
বিবর্ণ স্বপ্ন নিয়ে বসে আছি  
মরা নদীর তীরে।  
ছেড়ে যাওয়া কাকের বাসায়  
স্বপ্ন শুধু স্বপ্ন  
স্বপ্নটুকু শুধু স্বপ্ন নয়।  
ঘাস ফুল নদী প্রজাপতি মন  
স্বপ্নের এ্যাকোরিয়াম।

পাহাড়ের ঘুম ভাংগাতে যেয়োনা  
ও ঘুম ভাংগবে না।  
ঘুম না তন্দ্রা তন্দ্রা না ঘুম  
ঘুম ঘুম তন্দ্রা তন্দ্রাহত চাঁদ  
চাঁদ চাঁদ মুখ  
মুখের ভেতরে হাসি  
হাসির ভেতর মুক্তা  
মুক্তা ঝরে রাশি রাশি।  
ঘুম ঘুম রাত্রি  
রাত্রির শরীর জুড়ে নীল নীল স্বপ্ন।  
স্বপ্নের কথা বলে  
কথা বলে রংয়ে রং মিলিয়ে  
.....ফানুস উড়ে প্রজাপতি খেলে  
খেলে যায় ঘনশ্যাম  
রসঘন রাধামনি।  
প্রজাপতি উড়ে উড়ে  
পক্ষী যুবতী।

হলুদ পাশর চোখে  
স্বপ্ন নেই আমার বুকে  
পাহাড় ঘুমায় স্বপ্ন বুকে  
বুক বুক খালি খালি  
স্বপ্ন উড়ে ইতিউতি  
স্বপ্ন আঁকি ছবির মত  
স্বপ্ন হয় শুধুই প্রতারিত।

স্বপ্নাদিষ্ট আত্ননাদ চন্দ্রাহত স্বপ্ন  
অন্ধ খঞ্জনা  
মধ্যম চর  
নিরঞ্নে বসি বধুয়া  
বৃষ্টির তোতাপাখি  
বিষন্ন নদীর তীরে হেটে যায়  
একতারা বাউল  
সন্ধ্যার প্রজাপতি।

জেমদা  
০৩/১২/২০০৪ইং